

# SRDL পরিচালনার নীতিমালা

- ০৬। কম্পিউটার ল্যাবের জন্য প্রয়োজনীয় বিদ্যুৎ ও ইন্টারনেট বিল সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পরিশোধ করবে।
- ০৭। এ ল্যাব আইসিটি শিক্ষা বিস্তারে কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের অনুমতিক্রমে অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীরা প্রশিক্ষণার্থী হিসেবে অংশ গ্রহণ করতে পারবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান এ বিষয়ে পূর্ণ সহযোগিতা প্রদান করবে। শিক্ষা কার্যক্রম ব্যত না করে বাণিজ্যিকভাবে এ ল্যাব শেখ রাসেল আইসিটি ক্লাব হিসেবে ব্যবহার করা যেতে পারে। এক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় হতে সময়ে সময়ে জারীকৃত ল্যাব পরিচালনার নীতিমালা অনুসরণ করতে হবে।
- ০৮। ল্যাবের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে এবং এক্ষেত্রে প্রতি কর্মদিবসে শেখ রাসেল ডিজিটাল ল্যাবটি আবশ্যিক ভাবে খোলা রাখতে হবে যাতে যে কোন ছাত্র/ছাত্রী যে কোন সময়ে ল্যাব/কম্পিউটার ব্যবহার করতে পারে। আইসিটি শিক্ষা বিস্তারের লক্ষ্যে সংশ্লিষ্ট শিক্ষা কার্যক্রম ব্যত না করে সরকার অথবা অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণ কোর্স আয়োজনে সহযোগিতা করতে হবে।
- ০৯। প্রয়োজনে এ ল্যাব এস.এস.সি /এইচ.এস.সি পর্যায়ে কম্পিউটার সাইন্স ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র হিসেবে ব্যবহার করা যেতে পারে।
- ১০। সরকারের কোন কাজে ল্যাবের প্রয়োজন হলে এক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।
- ১১। প্রকল্প দপ্তর/আইসিটি অধিদপ্তর/ আইসিটি বিভাগ/শিক্ষা অধিদপ্তর/শিক্ষা মন্ত্রণালয় থেকে ল্যাব পরিদর্শনকারীকে শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন ও মনিটরিং এর কাজে সহযোগিতা প্রদান করতে হবে।
- ১২। স্থাপিত ল্যাপটপসহ আইসিটি সরঞ্জাম ও আসবাবপত্রের ওয়ারেন্টি মেয়াদ শেষে শেখ রাসেল ডিজিটাল ল্যাবের ল্যাপটপ ও আনুষঙ্গিক সামগ্রী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নিজস্ব সম্পত্তি হিসেবে গ্রহণ করবে এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে।
- ১৩। ল্যাব কক্ষ রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইনের জন্য ক্রয়কৃত সরঞ্জামাদি, প্রকল্প হতে প্রাপ্ত ল্যাপটপসহ অন্যান্য আইটি সরঞ্জামাদি ও আসবাবপত্রসমূহ প্রতিষ্ঠানের মালামাল রেজিস্টারে লিপিবদ্ধ করবে এবং রেজিস্টারের সত্যায়িত কপি প্রকল্প দপ্তরে প্রেরণ করবে।
- ১৪। ল্যাব কক্ষ রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইনের সচিত্র প্রতিবেদন প্রকল্প দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ১৫। “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)” কর্তৃক প্রদত্ত আইটি সামগ্রী (ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার, স্মার্ট এলইডি টিভি, রাউটার, নেটওয়ার্ক সুইচ) এবং ফার্নিচার (চেয়ার, টেবিল) চুরি/হারানো/খোয়া গেলে যদি উদ্ধার করা সম্ভব না হয় তাহলে স্কুল কর্তৃপক্ষকে তা নিজস্ব অর্থায়নে ০২(দুই) মাসের মধ্যে প্রতিস্থাপন করতে হবে।
- ১৬। নিয়মিতভাবে কম্পিউটার ল্যাবের কক্ষটি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করতে হবে।